TONGANI TEA COMPANY LIMITED
CIN : L01132WB1893PLC000742

18th July, 2026

The Secretary
The Calcutta Stock Exchange Ltd.
7, Lyons Range,
KOLKATA —700 001

Sub : Newspaper publication of Notice of the 133rd Annual General Meeting, E-Voting and Book Closure

Dear Sir,

Sub : Newspaper publication of Notice of the 133rd Annual General Meeting, E-Voting and Book Closure in compliance with Regulation 30 read with Schedule III and regulation 47 of Securities Exchange Board of India (Listing Obligation and Disclosure Requirements) Regulation, 2015 we are submitting herewith the copies of public notice dated 14th July, 2026, published in English Newspaper (Financial Express) and in Bengali Newspaper (Duranta Barta) on 18th July, 2026, in respect of 133rd Annual General Meeting of the Company to be held on Monday, the 10th August, 2026 at 11:30 A.M. (IST)through Video Conferencing(“VC”) or Other Audio Visual Means (“OAVM”).

This is for your information and record.

Thanking you,

Yours faithfully,

For TONGANI TEA COMPANY LIMITED

MANOJ KUMAR DAGA

Digitally signed by MANOJ KUMAR DAGA
Date: 2026.07.18 15:08:55 +05'30'

MANOJ KUMAR DAGA
Director
DIN: 00123386

Encl : As above.

15-B, HEMANTA BASU SARANI, 3rd FLOOR, KOLKATA - 700 001 INDIA
PHONE : 2248-7685,2210-0540 FAX : 91-33-2210 0541 E-mail : info@tonganitea.com
Website : www.tonganitea.com

DCGI EXEMPTS LOW-RISK DRUGS FROM PRIOR BIOEQUIVALENCE NOD

Regulatory easing to open generic drug floodgates

MANU KAUSHIK
New Delhi, July 17

THE CENTRAL DRUG regulator has removed a key hurdle for the domestic generic drug launches by exempting nearly half of all low-risk bioequivalence (BE) studies from prior approval. The move has eliminated around 3,000 No Objection Certificates (NOCs) annually, based on the current spate of applications from drugmakers.

BE studies are critical to develop generic drugs as they have same effect as the innovator drug. They are a mandatory step in generics development. At the FE Healthcare Summit & Awards 2026 in New Delhi on Friday, the Drugs Controller General of India (DCGI) Rajeev Raghuvanshi said that by replacing the approval regime with a simple intimation process, the regulator has shortened the drug development timelines, reduced uncertainty for pharma companies and contract research organisations (CROs), and freed up regulatory resources for crucial oversight activities.

"There was no value addition by the regulator in many of these permissions. So, we have freed almost 50% of these bioequivalence studies from prior approval. It helps the industry and also frees our resources to do much more value-added work," Raghuvanshi said.

Besides bioequivalence studies, companies carrying out R&D and pre-clinical drug development no longer require prior approval from Central Drugs Standard Control Organisation (CDSCO) and only need to notify the regulator before commencing research. According to Raghuvanshi, the changes are intended to reduce what he described as "regulatory anxiety" among innovators while maintaining oversight where it matters. "We are trying to solve the problem of regulatory anxiety. Till the companies go for first human testing, they don't need to come to the regulator," he said.

The regulator said that it has digitised 99% of its processes and is developing an integrated end-to-end digital platform linking the different components of value chain — such as CDSCO, state drugs regulators, manufacturers and retailers — with the first phase of the project expected to become operational within the next 18 months.

Raghuvanshi also rejected the perception that regulation hampers innovation. He argued that a credible regulatory framework is essential for domestically-produced medicines to compete globally. "It looks like a roadblock, but it is essential for our international acceptability. Products coming through a robust regulatory system have easier access to the international markets," the regulator said.

Even as CDSCO has reduced the compliance burden on drugmakers, it is tightening post-market surveillance at the same time. The regulator now publishes around 200 'Not of Standard Quality' (NSQ) drug alerts every month and issues Corrective and Preventive Action (CAPA) notices to manufacturers whose products fail quality tests. Companies are required to identify the root cause of the quality failure and implement corrective measures before regulatory restrictions are lifted.

"Every company whose product is declared NSQ receives a CAPA notice. They have to identify the problem, correct it, and satisfy the regulator before the suspension is removed," Raghuvanshi said.

LOW REGULATORY ANXIETY

- The move has eliminated around **3,000** No Objection Certificates (NOCs) annually
- BE studies are critical to develop generic drugs as they have same effect as the innovator drug
- Govt has also approved creation of **1,500** additional posts in CDSCO

RAJEEV RAGHUVANSHI,
DRUGS CONTROLLER GENERAL OF INDIA (DCGI)

"Every company whose product is declared 'Not of Standard Quality' (NSQ) receives a CAPA notice"

FINANCIAL EXPRESS FE HEALTHCARE Summit 2026

Ayushman Bharat slashed out-of-pocket expenses to 49%: Minister

MANU KAUSHIK
New Delhi, July 17

UNION MINISTER OF State for Health and Family Welfare Anupriya Patel on Friday said the government's efforts to translate universal health coverage into reality are delivering results with the rapid expansion of healthcare initiatives. At the FE Healthcare Summit & Awards 2026, Patel said that the Centre's flagship scheme Ayushman Bharat Pradhan Mantri Jan Arogya Yojana (AB-PMJAY) has provided institutional care to over 120 million beneficiaries, backed by government spending of ₹1.82 lakh crore. The scheme now covers around 1,961 procedures in the health benefit package, and has helped reduce out-of-pocket health expenditure from 64% to 49%.

Patel said India's digital health ecosystem has expanded rapidly, with over 950 million ABHA (Ayushman Bharat Health Account) accounts created and over 1 billion health records linked digitally. Over 1 million doctors have registered on the Ayushman Bharat Digital Mission platform, while 124,000 Ayushman Arogya Mandirs are conducting one of the world's largest screening programmes for diabetes, hypertension and common cancers, she added.

EPFO reform: Govt works on new pension plan for all

RAVI DUTTA MISHRA & AANCHAL MAGAZINE
New Delhi, July 17

THE GOVERNMENT IS working on a new contributory pension scheme for unorganised and formal sector workers that would accumulate contributions over time, and be invested in long-term government-backed securities, with annual crediting of interest. At the age of 60 years, the scheme may allow the proposed "Target Retirement Sum (TRS)" to be converted into pension, based on prevailing annuity and interest rates, a senior government official said.

The scheme, part of the 3.0 reforms phase of the retirement fund body Employees' Provident Fund Organisation (EPFO), will cover existing members and those excluded from the Employees' Pension Scheme (EPS). It is likely to adopt a defined contribution framework and allow contributions from multiple sources: workers themselves, employers, government co-contributions for workers in the lower wage segment, aggregators in the case of gig and platform workers, and corporate social responsibility or third-party funds, the officials said.

The EPFO proposes to give the flexibility to the worker at the age of 55 years to decide the purpose for his or her retirement savings. "Till that time, it will operate like PF, you keep on accumulating. At that stage when you are retiring, it converts into an annuity or a systematic withdrawal plan," the official said.

Under the proposed pension plan, each member will have an individual pension account. "The system will compute the proposed Target Retirement Sum (TRS) dynamically based on the member's chosen pension goal and expected retirement age," another official said.

EXTENDING COVERAGE

- The scheme will cover existing EPFO members and those excluded from the Employees' Pension Scheme
- At 60, the scheme may allow the proposed Target Retirement Sum (TRS) to be converted into pension
- It proposes to give the flexibility to the worker at the age of 55 years to decide the purpose for retirement savings

Dispute settlement scheme unveiled

THE EPFO HAS launched "VISHWAS, 2026", a one-time initiative for settlement of disputes relating to levy of damages or penalties through a digital and time-bound process. The scheme was notified on June 29 and will remain operational for six months. "VISHWAS, 2026 has been introduced with the objective of promoting voluntary compliance, reducing litigation, and enabling speedy resolution of long-pending disputes relating to penalty/damages," the labour ministry said. **—FE BUREAU**

India moved from 'phone banking' to people-centric credit system: FM

FE BUREAU
New Delhi, July 17

INDIA HAS TRANSITIONED from the era of "phone banking" to a people-centric credit system, where loans are extended to deserving beneficiaries on merit, Finance Minister Nirmala Sitharaman said on Friday.

The finance minister was speaking at Credit Outreach Programme in Andhra Pradesh's Palnadu district, where she disbursed over ₹3,216 crore loans to more than 100,000 beneficiaries.

"When I discussed this with PM Modi, he envisioned a Government-backed Credit Guarantee framework to make affordable institutional credit accessible," she said.

"Today, vendors, artisans, fishermen and farmers can access formal finance with dignity. Under his leadership, banks have also been encouraged to go to the people, not wait for people to come to them."



The finance minister said the Modi government had reshaped India's banking landscape since 2014 by expanding financial inclusion while strengthening the banking system.

"We have worked to advance this vision by strengthening financial inclusion alongside a healthier banking system. Through the Credit Guarantee framework, we have enabled first-time entrepreneurs and street vendors to access institutional credit. A stronger banking system now serves those who need it most."

Sitharaman has often criticised the Congress-led UPA government for operating a "phone banking" system between 2004 and 2014, which led to a spike in banks' non-performing assets (NPAs) in the subsequent years. She had alleged that leaders used political pressure to sanction loans to unqualified borrowers.

Bharat Tex generates $2.8-bn biz enquiries

FE BUREAU
New Delhi, July 17

INDIA'S PREMIER GLOBAL textile event and one of the world's largest integrated textile trade fairs Bharat Tex generated $2.8 billion worth of business enquiries over the past three days and catalysed investments worth ₹14,300 crore.

Bharat Tex 2026, which concluded on Friday, brought together 1,647 exhibitors, nearly 95,000 business visitors and 11,315 buyers, including 6,090 international buyers, 3,461 delegates and participants from 135 countries, a statement by the Ministry of Textiles said.

Bharat Tex 2026 saw 30+ MoUs signed by various states, including Karnataka (₹2,821 crore, 11,020 jobs), Bihar (₹1,476 crore, 40,500+ jobs), Maharashtra (₹1,095 crore) and Andhra Pradesh (₹4,100 crore), reinforcing the event's role in driving decentralised, state-led growth in India's textile and apparel sector.

Further, RE&UP of Netherlands, that transforms textile waste into high quality raw materials, announced an investment of ₹4,800 crores in India.

During the event, a Letter of Intent (LoI) was signed between the Bharat Tex Trade Federation (BTTF) and Première Vision Paris, one of the world's most prestigious textile and fashion sourcing platforms.

Parliament to take up FCRA, MSME reforms

FE BUREAU
New Delhi, July 17

The government has listed five new Bills for the session, which will begin on July 20

THE PARLIAMENT'S MONSOON Session, beginning July 20, will have a relatively light legislative agenda, with the government seeking approval for key pending bills, including the Foreign Contribution (Regulation) Amendment Bill, 2026, to tighten rules governing foreign funding of non-government organisations (NGOs).

The Income-Tax (Amendment) Bill, 2026, will replace an ordinance granting tax concessions on foreign investment in government debt securities.

The government has listed five new bills for the session, which concludes on August 13. These include the Micro, Small and Medium Enterprises Development (Amendment) Bill, 2026, aimed at aligning the MSME Development Act, 2006, with the sector's evolving needs.

The Foreign Contribution (Regulation) Amendment Bill, 2026, seeks to strengthen the framework governing how Indian entities, individuals and NGOs receive, utilise and create assets from foreign contributions. A key provision of the Bill is the creation of a designated authority to take charge of foreign contributions and assets if an organisation's FCRA registration is cancelled, surrendered or lapses. In such cases, assets created using foreign funds may be taken over, managed or disposed of by the authority in accordance with prescribed rules, replacing the current system that lacks a structured mechanism for handling such situations.

The Income-Tax (Amendment) Bill, 2026, will replace the ordinance promulgated on June 5 to provide tax relief to foreign portfolio investors (FPIs). The measure grants a retrospective exemption, effective April 1, 2026, from taxes on capital gains and interest income earned from investments in government securities. Earlier, FPIs were subject to a 30% tax on short-term capital gains, a 12.5% tax on long-term capital gains and a 20% tax on interest income—levies that had remained a key deterrent even after India's inclusion in major global bond indices.

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিবনারায়ণপুর রেল স্টেশনকে অমৃত স্টেশন হিসেবে দেশের উদ্দেশ্যে উৎসর্গ করলেন

মালদা, ১৭ জুলাই ঃ ভারতীয় রেল এবং দেশের জন্য এক ঐতিহাসিক মুহূর্তে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পাঞ্জাবের জলন্ধর থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে ২০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে ৭৫ টি পুনর্নির্মিত রেল স্টেশন দেশের উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। প্রায় ১,৫৭০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত এই পুনর্নির্মিত স্টেশনগুলির লক্ষ্য হলো যাত্রীদের উন্নত পরিষেবা প্রদান করা এবং সেই সাথে 'বিকাশ ভি, বিরাসত ভি' (উন্নয়ন, ঐতিহ্যও)-এর চেতনাকে প্রতিফলিত করা। এর মধ্যে পূর্ব রেলের মালদা ডিভিশনের অধীনে পুনর্নির্মিত শিবনারায়ণপুর রেল স্টেশনকে একটি অমৃত স্টেশন হিসেবে দেশের উদ্দেশ্যে উৎসর্গ করা হয়েছে। শিবনারায়ণপুর রেল স্টেশনের এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভাগলপুরের সাংসদ অজয় কুমার মণ্ডল, কাহালগাঁওয়ের বিধায়ক শুভানন্দ মুকেশ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। এই অনুষ্ঠানে মালদার অতিরিক্ত ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার অমরেন্দ্র কুমার মৌর্য সহ মালদা ডিভিশনের ব্রাঞ্চ অফিসারবৃন্দ, জেলা প্রশাসন, বেসামরিক প্রশাসন ও স্থানীয় সংস্থার প্রতিনিধিরা, শিক্ষক-শিক্ষিকা, স্কুল ছাত্র-ছাত্রী, সংবাদমাধ্যমের প্রতিনিধি, রেল যাত্রী এবং স্থানীয় নাগরিকদের বিশাল সমাবেশ উপস্থিত ছিল। স্কুল ছাত্র-ছাত্রীদের এক প্রাণবন্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আগে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে শিবনারায়ণপুর রেল স্টেশনের পুনর্নির্মাণের বিষয়টি তুলে ধরে একটি প্রেজেন্টেশন প্রদর্শন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রী এবং মালদা ডিভিশন কর্তৃক আয়োজিত প্রবন্ধ, অঙ্কন ও বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ীদের বিশিষ্ট অতিথিবৃন্দ সংবর্ধিত করেন। এরপর উপস্থিত সকলে প্রধানমন্ত্রীর অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারে যুক্ত হন, যেটির মাধ্যমে পুনর্নির্মিত শিবনারায়ণপুর রেল স্টেশনটি দেশের উদ্দেশ্যে উৎসর্গ করা হয়। এই উপলক্ষ্যে, বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরীও অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে পুনর্নির্মিত শিবনারায়ণপুর রেল স্টেশনে এই ঐতিহাসিক উদ্বোধনের সাক্ষী হতে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠানে যোগ দেন। অমৃত ভারত স্টেশন প্রকল্পের প্রথম পর্যায়ের অধীনে ১৭.৯৪ কোটি টাকা অনুমোদিত ব্যয়ে শিবনারায়ণপুর রেল স্টেশনটির পুনর্নির্মাণ করা হয়েছে। এই পুনর্নির্মাণ কাজ বিহারের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের পাশাপাশি স্টেশনটিকে একটি আধুনিক, সহজে প্রবেশযোগ্য এবং নান্দনিকভাবে আকর্ষণীয় যাত্রী সুবিধাকেন্দ্রে রূপান্তরিত করেছে। জাতীয় সড়ক-৮০ এর নিকটবর্তী এবং ঐতিহাসিক বিক্রমশিলা মহাবিহারের কাছাকাছি কৌশলগতভাবে অবস্থিত এই পুনর্নির্মিত স্টেশনটি বিহারের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের সাথে আধুনিক পরিকাঠামোর এক অপূর্ব সমন্বয়ক তুলে ধরে। একটি সমসাময়িক পরিবহণ হাব হিসেবে ডিজাইন করা এই স্টেশনটি অঞ্চলের ঐতিহ্যের দ্বারা অনুপ্রাণিত শৈল্পিক উপাদানের সাথে উন্নত যাত্রী সুযোগ-সুবিধার মেলবন্ধন ঘটিয়েছে, যা ঐতিহ্য এবং প্রগতি উভয়কেই প্রতিফলিত করে এক স্বাগত জানানোর প্রবেশদ্বার তৈরি করেছে। বিহারের শিবনারায়ণপুর রেল স্টেশনের এই পুনর্নির্মাণ যাত্রীদের আরাম, যাতায়াতের সুবিধা এবং নিরাপত্তা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে যা আঞ্চলিক সংযোগ, পর্যটন, স্থানীয় ব্যবসা-বাণিজ্য, কৃষি এবং সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক হবে। এটি 'বিকশিত ভারত'-এর রূপকল্পের অধীনে আধুনিক, টেকসই এবং ভবিষ্যতের উপযোগী রেল পরিকাঠামো গড়ে তোলার প্রতি ভারত সরকারের প্রতিশ্রুতিকেও প্রতিফলিত করে। অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে শিবনারায়ণপুর রেল স্টেশনের পুনর্নির্মাণ অঞ্চলের সাংস্কৃতিক ঐতিহ্য ও স্থাপত্যের পরিচয়কে অক্ষুণ্ণ রেখে রেল পরিকাঠামোকে আধুনিকীকরণের প্রতি ভারত সরকারের অবিচল প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে, যা 'বিকাশ ভি, বিরাসত ভি' চেতনাকে মূর্ত করে তোলে। উন্নত যাত্রী সুযোগ-সুবিধা এবং সহজ যাতায়াতের ব্যবস্থায় সজ্জিত এই পুনর্নির্মিত স্টেশনটি যাত্রীদের সুবিধা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে, আঞ্চলিক সংযোগকে শক্তিশালী করবে, স্থানীয় বাণিজ্য ও পর্যটনকে উৎসাহিত করবে এবং 'বিকশিত ভারত'-এর রূপকল্পে অবদান রাখবে বলে আশা করা হচ্ছে।

ব্যাটারি বাইকের শোরুমে ভয়াবহ আগুন

নিজস্ব প্রতিনিধি, হাওড়া, ১৭ জুলাই ঃ উলুবেড়িয়া নরেন্দ্রমোড় এলাকায় একটি ব্যাটারি চালিত বাইকের শোরুমে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়াল। ঘটনাটি ঘটে জাতীয় সড়কে নরেন্দ্রপুর উড়ালপুল ব্রিজে ওঠার ঠিক আগের একটি শোরুমে। দমকল অফিস লাগোয়া এলাকায় এই দুর্ঘটনা ঘিরে দ্রুত ব্যবস্থা নেওয়া সম্ভব হলেও, আগুনে শোরুমটি প্রায় সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতই এদিনও শোরুমটি খোলা ছিল। শুক্রবার বিকেল হঠাৎই শোরুমের ভেতর থেকে গল গল করে কালো ধোঁয়া বের হতে দেখা যায়। মুহূর্তের মধ্যে সেই ধোঁয়া পুরো শোরুমকে গ্রাস করে আগুন জ্বলতে শুরু করে। আগুনের লেলিহান শিখা ও ভয়াবহ কালো ধোঁয়া দেখে আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয় বাসিন্দা ও পথচারীরা। স্থানীয়দের কথায়, ব্যাটারি চালিত বাইকের শোরুম হওয়ায় এবং ভেতরে প্রচুর গাড়ি মজুত থাকায় আগুন অত্যন্ত দ্রুততার সঙ্গে জোরালো আকার ধারণ করে। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছায় উলুবেড়িয়া থানার পুলিশ এবং দমকলের একটি ইঞ্জিন। শোরুমটি দমকল অফিসের একেবারেই কাছে হওয়ায় দমকলকর্মীরা দ্রুত যুদ্ধকালীন তৎপরতায় কাজ শুরু করেন। দমকলের তৎপরতাতেই আগুন দ্রুত নিয়ন্ত্রণে আসে এবং তা আশেপাশের অন্যান্য এলাকায় ছড়িয়ে পড়া আটকানো সম্ভব হয়। তবে আগুন নিয়ন্ত্রণে এলেও শেষরক্ষা হয়নি শোরুমের। ভেতরের প্রায় সমস্ত সামগ্রী পুড়ে ছাই হয়ে গেছে। প্রাথমিকভাবে আগুন লাগার সুনির্দিষ্ট কারণ এখনও জানা যায়নি।

অঙ্গীকার মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া, ১৭ জুলাই ঃ এই রাজ্যে বেহাল অবস্থার হাল ফেরাতে হবে! আইনশৃঙ্খলার পরিবেশ, সিন্ডিকেট, কাটমানি, তোলাবাজি, দাদাগিরি, সব জায়গায় রাজনীতিকরণ এই জায়গা থেকে ২ মাসে আমরা বেরিয়ে এসেছি অনেকটা। আর ডানকুনিতে যদি নতুন লাইন করে ট্রাকে কেউ হাত পাতে না। একটি ইস্পাত কারখানার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের সূচনাপর্বে শুক্রবার বাঁকুড়ায় পৌঁছে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সাংবাদিকদের কাছে এই দাবি করেন। ওই কারখানার নাম করে তাঁর দাবি, 'এর হাত ধরে ১০০০ কোটির বিনিয়োগ হবে বাংলায়। বহু কর্মসংস্থান হবে। গ্রামের হাজার হাজার ছেলে, যারা বাইরে চলে গেছেন তাঁরাও নিজের রাজ্যে কাজ পাবে।'

শ্রাবণ মাসের শুরুতেই সিদ্ধপীঠ তারাপীঠ মন্দিরে একগুচ্ছ নতুন নিয়ম চালু করতে চলেছে মন্দির কমিটি

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ১৭ জুলাই ঃ বাংলার শ্রাবণ মাসের শুরুতেই সিদ্ধপীঠ তারাপীঠ মন্দিরে শুরু হতে চলেছে একগুচ্ছ বড়ো বদল। দূর-দূরান্ত থেকে আগত ভক্তদের হয়রানি কমাতে এবং মন্দির চত্বরে শান্তি শৃঙ্খলা ফেরাতে একগুচ্ছ নতুন নিয়ম চালু করতে চলেছে মন্দির কমিটি। আগামী শনিবার ১ শ্রাবণ থেকেই এই নতুন নিয়ম ও সময়সূচি কার্যকর করা হবে বলে জানা গেছে। মন্দির কমিটির তরফ থেকে জানা যায়, দেবী স্পর্শে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। শনিবার থেকে তারাপীঠে আগত ভক্তরা গর্ভগৃহে ঢুকে দেবী তারার মূর্তি স্পর্শ করে পুজো দিতে পারবেন না। গর্ভগৃহে প্রবেশ করে দেবীকে দর্শন ও চরণে পুজো নিবেদন করে ভক্তদের মন্দির থেকে বেরিয়ে আসতে হবে। গর্ভগৃহে ভিড় ও বিশৃঙ্খলা এড়াতে ভেতরে কোনও রকম ওজন দেওয়ার ব্যবস্থা আর থাকবে না। ভক্তদের তাদের নির্দিষ্ট সেবায়েতদের নিয়ে পুজোর লাইনেই অপেক্ষা সেরে নিতে হবে। প্রসঙ্গত দিন কয়েক আগেই তারাপীঠ মন্দিরের পুরনো কমিটি ভেঙে দিয়ে নতুন কমিটি তৈরি করা হয়েছে। আর পুরনো কমিটি থাকাকালীন দীর্ঘদিন ধরেই অভিযোগ উঠছিল, তারাপীঠ মন্দিরে পুজো দিতে এসে পাণ্ডাদের একাংশের হাতে হেনস্থার শিকার হতে হচ্ছিল সাধারণ ভক্তদের। মোটা টাকার বিনিময়ে চটজলদি পুজো পাইয়ে দেওয়ার চক্করে সাধারণ লাইনের ভক্তদের ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকতে হতো। আর চলতি বছর রাজ্যে পালাবদলের পর এই নিয়ে জোরালো অভিযোগ উঠতে থাকে। এমনকি, মন্দিরের অন্দরেও নানা অভিযোগ ওঠে। ইতিমধ্যেই যার তদন্ত শুরু করেছে বীরভূম জেলা প্রশাসন। বর্তমানে তারাপীঠ মন্দির কমিটির সভাপতি তথা বিজেপি নেতা নিখিল বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বেই এবার কড়া পদক্ষেপ নেওয়া হচ্ছে। নিখিলবাবু বলেন, মা তারাকে স্পর্শ করে পুজো দেওয়ার ফলে গর্ভগৃহে দীর্ঘক্ষণ ভিড় জমে থাকত, যার জেরে সাধারণ লাইন থমকে গিয়ে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হতো। ভক্তদের সুবিধার কথা মাথায় রেখে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান তারাপীঠ মন্দির কমিটির আহ্বায়ক তারকনাথ চ্যাটার্জী। নতুন নিয়ম অনুযায়ী, মন্দিরে সাধারণ লাইন একটানা ৩০ মিনিট চলবে। ৫০০ টাকার কুপনের লাইন ২০ মিনিট ও প্রোটোকল লাইন ১০ মিনিট চলবে। শনিবার থেকে মন্দিরের দরজা খোলা ও বন্ধের সময়ও বেঁধে দিয়েছে নতুন কমিটি। ভোর ৫টা ৩০ মিনিটে দর্শনার্থীদের জন্য মন্দিরের দরজা খুলে দেওয়া হবে। মধ্যাহ্নভোগের জন্য দুপুর সাড়ে ১২টা থেকে একঘণ্টা দর্শনার্থীদের প্রবেশ সম্পূর্ণ বন্ধ থাকবে। সন্ধ্যা ৬টায় দেবী তারার সন্ধ্যারতি শুরু হবে। আরতি শেষের পর সাময়িক ভাবে কেবল ভক্তরা মন্দিরে প্রবেশ করতে পারবেন এবং পুজো দিতে পারবেন। বিশেষ দিন বাদে রাত ১০টায় মন্দিরের দরজা বন্ধ হবে। আর এই নিয়মের ফলে খুশি দূর দূরান্ত থেকে আগত পর্যটকেরা।

আসানসোলে পুলকারে নিয়ন্ত্রণহীন মিনিবাসের ধাক্কায় মৃত ১ পথচারী, আহত বেশ কয়েকজন স্কুল পড়ুয়া

নিজস্ব প্রতিনিধি, আসানসোল, ১৭ জুলাই ঃ মুর্শিদাবাদে দুর্ঘটনায় পাঁচ স্কুল পড়ুয়ার মর্মান্তিক মৃত্যুর রেশ কাটতে না কাটতেই এবার আসানসোলে ঘটল আরও একটি পথ দুর্ঘটনা। পড়ুয়াদের একটি পুলকারে সজোরে ধাক্কা মারল নিয়ন্ত্রণহীন একটি মিনিবাস। এই ঘটনায় এক পথচারীর মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত ব্যক্তির নাম জয়দেব মণ্ডল (৬১)। দুর্ঘটনায় বেশ কয়েকজন স্কুল পড়ুয়াও আহত হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকাল ৮ টা নাগাদ যাত্রীবোঝাই মিনিবাসটি আসানসোল থেকে রানিগঞ্জের দিকে যাচ্ছিল। সেই সময়ে আসানসোলের একটি ইংরেজি মাধ্যম স্কুলের পুলকারটি মুর্গাসোল এলাকা থেকে পড়ুয়াদের নিয়ে সবেমাত্র কয়েক গজ এগিয়েছিল। ঠিক তখনই দ্রুতগতির মিনিবাসটি নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে এক পথচারীকে পিষে দেয় এবং তারপরেই পুলকারটিতে পিছনে সজোরে ধাক্কা মারে। দুর্ঘটনার পরপরই স্থানীয় বাসিন্দারা ছুটে এসে পুলকার থেকে পড়ুয়াদের উদ্ধার করে আসানসোল জেলা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। এদিকে ঘটনার পরেই যাত্রিবোঝাই বাসটি ফেলে রেখে চম্পট দেন চালক ও কন্ডাক্টর। এই ঘটনার পর ক্ষোভে ফেটে পড়েন এলাকার বাসিন্দারা। তাঁদের অভিযোগ, শহরের মিনিবাসগুলি কোনওরকম ট্রাফিক আইন মানে না। যাত্রী তোলার প্রতিযোগিতায় লাগামছাড়া গতিতে বাস চালানো হয়, যার জেরেই এই দুর্ঘটনা। অন্যদিকে, স্থানীয়দের একাংশের অভিযোগ, যেখানে দুর্ঘটনাটি ঘটেছে সেখানে জিটি রোডের সিংহভাগ অংশ জুড়ে অস্থায়ী দোকানপাট বসেছে। সেই সঙ্গে রাস্তা দখল করে চলে অবৈধ গাড়ি পার্কিং। ফলে রাস্তা অত্যন্ত সঙ্কীর্ণ হয়ে পড়েছে এবং বারবার দুর্ঘটনা ঘটছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং প্রয়োজনীয় পদক্ষেপ করার আশ্বাস দেয়। পুলিশের তরফে জানানো হয়েছে, মৃত পথচারী আদতে পুরুলিয়ার কাশিপুরের বাসিন্দা ছিলেন। তিনি আসানসোলের একটি হোটেলে কর্মরত ছিলেন। তাঁর কর্মস্থলে ইতিমধ্যেই খবর পাঠানো হয়েছে। অন্যদিকে, আসানসোল জেলা হাসপাতাল সূত্রে জানা গেছে, মোট পাঁচজন পড়ুয়াকে হাসপাতালে আনা হয়েছিল। তাদের মধ্যে তিনজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে এবং দু'জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে বর্তমানে তাদের অবস্থা স্থিতিশীল।

স্কুলে মিড ডে মিল নয়, এ যেন জগন্নাথের ৫৬ ভোগ! মায়াপুরে নজির গড়ল বিদ্যালয়

ছোটন বিশ্বাস, নদীয়া, ১৭ জুলাই ঃ মিড ডে মিলের থালায় সাধারণ খাবারের বদলে সাজানো জগন্নাথদেবের মহাপ্রসাদ। এক-দু'টি নয়, একেবারে ৫৬ পদের নিরামিষ ভোগ। পুষ্পান্ন, পরমান্ন, ফ্রাইড রাইস, বিভিন্ন শাক-সবজি, নানা রকম ভাজা, খাজা, মালপোয়া, পাটিসাপটা, গুলাবজামুন, কাঁঠাল-সহ একাধিক ফল ও মিষ্টিতে ভরে উঠল পড়ুয়াদের থালা। রথযাত্রার পরদিন নদীয়ার মায়াপুরের ঠাকুর ভক্তি বিনোদ ইনস্টিটিউট-এর এই অভিনব উদ্যোগ ঘিরে তৈরি হয় উৎসবের আবহ। বিদ্যালয় সূত্রে জানা গেছে, বহু বছরের ঐতিহ্য মেনেই রথযাত্রার পরদিন জগন্নাথদেবের উদ্দেশ্যে পূজা ও নিবেদন শেষে ছাত্রছাত্রীদের মধ্যে মহাপ্রসাদ বিতরণ করা হয়। তবে এই প্রসাদ বিতরণের আয়োজন শুধু ধর্মীয় অনুষ্ঠানেই সীমাবদ্ধ থাকেনি, তা এদিন রূপ নিয়েছে বিদ্যালয়ের বিশেষ মিড ডে মিলের উৎসবে। শিক্ষক-শিক্ষিকাদের আর্থিক সহযোগিতা ও সক্রিয় উদ্যোগেই সম্পূর্ণ আয়োজনটি সফল হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিত্যগোপাল মণ্ডল জানান, বিদ্যালয়ের প্রতিটি শিক্ষক-শিক্ষিকা স্বেচ্ছায় আর্থিক সহযোগিতা করেছেন। তাঁদের সম্মিলিত প্রচেষ্টাতেই এই ব্যতিক্রমী আয়োজন সম্ভব হয়েছে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের শুধু পাঠ্যপুস্তকের শিক্ষা নয়, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গেও পরিচিত করানো বিদ্যালয়ের অন্যতম দায়িত্ব। এদিন প্রায় ৪০০ জনের জন্য বিশেষ ভোজের ব্যবস্থা করা হয়। ছাত্রছাত্রীদের পাশাপাশি শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী ও আমন্ত্রিত অতিথিরাও সেই মহাপ্রসাদ গ্রহণ করেন। বর্তমানে বিদ্যালয়ে ১,১৭৮ জন ছাত্রছাত্রী এবং ৩৬ জন শিক্ষক রয়েছেন। বছরের প্রতিদিন নিরামিষ মিড ডে মিল পরিবেশন করা হলেও রথযাত্রার পরদিন ৫৬ ভোগের এই আয়োজন বিদ্যালয়ের অন্যতম প্রধান আকর্ষণ। নদীয়া নর্থ সার্কেলের স্কুল পরিদর্শক তথা বিদ্যালয়ের প্রশাসক জানবাস শেখ বলেন, এই ধরনের উদ্যোগ ছাত্রছাত্রীদের বিদ্যালয়ের প্রতি আগ্রহ বাড়ায়। উৎসবের আবহে সবাই একসঙ্গে বসে খাবার গ্রহণ করার মধ্য দিয়ে পারস্পরিক সম্প্রীতি ও বিদ্যালয়ের সঙ্গে আত্মিক সম্পর্কও আরও দৃঢ় হয়। এই বিশাল আয়োজনের নেপথ্যে ছিলেন মিড ডে মিলের নয়জন রাঁধুনি। ভোর ৫টা থেকেই তাঁরা রান্নার কাজে নেমে পড়েন। রাঁধুনিদের প্রতিনিধি অসীমা বিশ্বাস জানান, প্রতি বছরই তাঁরা এই দায়িত্ব পালন করেন। ছাত্রছাত্রীদের হাতে প্রভু জগন্নাথদেবের মহাপ্রসাদ তুলে দিতে পারাটাই তাঁদের কাছে সবচেয়ে বড় প্রাপ্তি। ধর্মীয় ঐতিহ্য, শিক্ষার পরিবেশ এবং সামাজিক সম্প্রীতিকে একসূত্রে বেঁধে মায়াপুরের এই বিদ্যালয়ের উদ্যোগ এ বছরও এলাকাজুড়ে প্রশংসা কুড়িয়েছে। মিড ডে মিলের মাধ্যমে ৫৬ ভোগ পরিবেশনের এই ব্যতিক্রমী উদ্যোগ এখন জেলার অন্যতম আলোচিত ঘটনায় পরিণত হয়েছে।

বর্ধমানের এগ্রিকালচার ফার্ম এলাকার বড় পুকুর পাড়ের দিশারী ক্লাবের উদ্যোগে আয়োজিত রথযাত্রা ১০ বর্ষে পদার্পন করলো।

শিলিগুড়ি পুরনিগমের কমিশনারের বিধান মার্কেট পরিদর্শন, দ্রুত মেরামতের নির্দেশ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৭ জুলাই ঃ শিলিগুড়ি পুরনিগমের কমিশনার বীর বিক্রম রায় শুক্রবার শহরের অন্যতম প্রধান বাণিজ্যিক কেন্দ্র বিধান মার্কেট পরিদর্শন করেন। এদিন তিনি পুরনিগমের বিভিন্ন বিভাগের আধিকারিক, বিদ্যুৎ বিভাগের কর্মী এবং বিধান মার্কেট ব্যবসায়ী সমিতির প্রতিনিধিদের সঙ্গে নিয়ে গোটা বাজার এলাকা ঘুরে দেখেন। পরিদর্শনকালে মাটির তলা দিয়ে কেবল লাইনের কাজের অগ্রগতি খতিয়ে দেখা হয়। এর পাশাপাশি মাছ বাজার, রাস্তাঘাট, নিকাশি নালা এবং আলোকসজ্জা ব্যবস্থারও পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করেন তিনি। কমিশনার সংশ্লিষ্ট বিভাগগুলিকে প্রয়োজনীয় মেরামত ও উন্নয়নের কাজ দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন। কমিশনার বীর বিক্রম রায় জানান, আন্ডার কেবলিংয়ের কাজ আংশিকভাবে সম্পন্ন হয়েছে, তাই এটি মাঝপথে বন্ধ করা সম্ভব নয়। তবে এই কাজ চলাকালীন সাধারণ মানুষের যাতে কোনওরকম অসুবিধা না হয়, সেদিকে বিশেষ নজর দেওয়া হবে। আসন্ন উৎসবের মরসুমের কথা মাথায় রেখে দফায় দফায় এই কাজ করা হবে। যে সমস্ত জায়গায় কাজ করা হবে, সেগুলি যাতে দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা যায়, তার নির্দেশ দেওয়া হয়েছে।

ফুচকার জলেই জীবাণুর আঁতুড়ঘর! স্বাস্থ্য পরীক্ষায় উদ্বেগজনক রিপোর্ট, সতর্ক প্রশাসন

নিজস্ব প্রতিনিধি, আরামবাগ, ১৭ জুলাই ঃ মুখরোচক ফুচকা-রাস্তার ধারের এই জনপ্রিয় খাবারটি প্রতিদিন অসংখ্য মানুষ, বিশেষ করে শিশু, কিশোর-কিশোরী এবং মহিলারা নিশ্চিন্তে খেয়ে থাকেন। কিন্তু সেই ফুচকার জলই যদি অদৃশ্য জীবাণুর আঁতুড়ঘর হয়ে ওঠে? সাম্প্রতিক এক পরীক্ষার রিপোর্ট সেই আশঙ্কাকেই সামনে এনে জনস্বাস্থ্য নিয়ে নতুন করে উদ্বেগ সৃষ্টি করেছে। জনস্বার্থে খানাকুলের বিধায়ক সুশান্ত ঘোষের উদ্যোগে ব্লক স্বাস্থ্য দফতরের মাধ্যমে ফুচকার জলের একাধিক নমুনা সংগ্রহ করে পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্য পরীক্ষাগারে পরীক্ষার জন্য পাঠানো হয়। পরীক্ষার রিপোর্টে দেখা গেছে, নমুনাগুলিতে ই-কোলাই এবং কোলিফর্ম ব্যাকটেরিয়ার উপস্থিতি রয়েছে। এছাড়াও মোট ব্যাকটেরিয়ার পরিমাণ নিরাপদ মাত্রার তুলনায় অনেক বেশি পাওয়া গেছে। সেই কারণে পরীক্ষাগার সংশ্লিষ্ট নমুনাগুলিকে 'অনিরাপদ' বলে ঘোষণা করেছে। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, ই-কোলাই এবং কোলিফর্ম ব্যাকটেরিয়ার উপস্থিতি সাধারণত দূষিত জল বা অস্বাস্থ্যকর পরিবেশের ইঙ্গিত বহন করে। এই ধরনের জল দিয়ে তৈরি খাবার গ্রহণ করলে ডায়রিয়া, বমি, তীব্র পেটের সংক্রমণ, জ্বর সহ বিভিন্ন জলবাহিত রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকে। শিশু, প্রবীণ ব্যক্তি এবং যাঁদের রোগপ্রতিরোধ ক্ষমতা কম, তাঁদের ক্ষেত্রে এই ঝুঁকি আরও বেশি। রিপোর্ট প্রকাশের পর সংশ্লিষ্ট ফুচকা বিক্রেতাদের শুধুমাত্র মিনারেল জল ব্যবহার করে ফুচকার জল তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি সাংবাদিকদের সামনাসামনি হয়ে বিধায়ক সুশান্ত ঘোষ বলেন স্বাস্থ্যবিধি মেনে নিরাপদ খাদ্য প্রস্তুত করা এবং খাদ্য সুরক্ষা ও মান সংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করে ব্যবসা পরিচালনার বিষয়ে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জনস্বাস্থ্যের স্বার্থে বিশেষজ্ঞদের পরামর্শ, রাস্তার ধারের খাবার কেনার আগে তার পরিচ্ছন্নতা এবং ব্যবহৃত জলের মান সম্পর্কে যতটা সম্ভব নিশ্চিত হওয়া উচিত। সামান্য অসতর্কতাই বড় ধরনের স্বাস্থ্যঝুঁকির কারণ হতে পারে। তাই সুস্থ ও নিরাপদ থাকতে স্বাস্থ্যসম্মত খাবার বেছে নেওয়ার পাশাপাশি খাদ্য নিরাপত্তা সম্পর্কে সচেতন হওয়া আজ সময়ের দাবি।